গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমন্বিত নিয়ন্ত্রণ কেন্দ্র
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
ইমেইলঃ bdcoronasaver@gmail.com

মুজিব বর্ষে স্বাস্থ্যখাত
এগিয়ে যাবে অনেক ধাপ

কোভিড-১৯ সংক্রান্ত পরিস্থিতি

তারিখ: ০৫ এপ্রিল, ২০২০
২২ শে চৈত্র, ১৪২৬

স্বাস্থ্য অধিদপ্তরের সংবাদ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য অধিদপ্তরের করোনা বিষয়ক নিয়মিত সংবাদ সম্মেলনে অংশ হিসেবে আজ দুপুর ২.০০ ঘটিকায় অধিদপ্তরের ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম এর কনফারেন্স কক্ষে স্বাস্থ্য অধিদপ্তরের মাননীয় মহাপরিচালক অধ্যাপক ডাঃ আবুল কালাম আজাদ মহোদয়ের পরিচালনায় অনলাইন প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়। এই প্রেস ব্রিফিংয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয় জনাব জাহিদ মালেক তার নিজ বাসভবন থেকে অংশ নেন। ব্রিফিংয়ে আরও অংশ নেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব মোঃ হাবিবুর রহমান খান, পরিচালক আইইডিসিআর অধ্যাপক ডাঃ মীরজাদী সেব্রিনা ফ্লোরা এবং পরিচালক, এম আই এস এন্ড লাইন ডাইরেক্টর এইচআইএস এন্ড ইহেলথ, ডাঃ মোঃ হাবিবুর রহমান।

- প্রেস ব্রিফিংয়ে শুরুতেই মাননীয় মন্ত্রী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্মরণ করেন এবং করোনা পরিস্থিতি মোকাবেলায় বৃহৎ ফাইন্যান্সিয়াল প্যাকেজ ঘোষণার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ জানান।
  তিনি করোনাভাইরাস সংক্রমণ প্রতিরোধে পূর্বে উল্লেখিত নিয়মাবলী মেনে চলার অনুরোধ জানান।
  তিনি জানান সরকারি সকল হাসপাতালে করোনাভাইরাস মোকাবেলায় ডাক্তার ও নার্স সার্বক্ষণিক প্রস্তুত রয়েছেন। যেসকল হাসপাতালগুলো শুধুমাত্র করোনাভাইরাস রোগীর সেবার জন্য প্রস্তুত রয়েছে, সেখানে তিনি করোনাভাইরাস রোগীদের সেবা নিতে অনুরোধ জানান। রিলিফ বিতরণকারীদের ধন্যবাদ জানিয়ে তিনি বলেন, এ কার্যক্রম চালু রাখতে হবে এবং রিলিফ যেন তাদের বাসায় পৌঁছে দেয়া হয়।

- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব মোঃ হাবিবুর রহমান খান জানান, উহান প্রদেশে প্রথম করোনা ভাইরাস সংক্রমণ হবার সাথে সাথে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তর তাদের প্রস্তুতি শুরু করে। করোনাভাইরাস মোকাবেলায় জাতীয় পর্যায় থেকে শুরু করে ইউনিয়ন পর্যায় পর্যন্ত কমিটি গঠন করা হয়েছে এবং করোনাভাইরাস চিকিৎসার জন্য বিভিন্ন গাইডলাইন প্রস্তুত করা হয়েছে।

- ব্রিফিং এ স্বাস্থ্য অধিদপ্তরের মাননীয় মহাপরিচালক অধ্যাপক ডাঃ আবুল কালাম আজাদ এবং আইইডিসিআর এর পরিচালক অধ্যাপক ডাঃ মীরজাদী সেব্রিনা ফ্লোরা বৈশ্বিক এবং দেশের কোভিড-১৯ পরিস্থিতির বিস্তারিত বর্ণনা করেন। মাননীয় মহাপরিচালক কোভিড ১৯ প্রতিরোধে রেডক্রিসেন্ট সোসাইটির কার্যক্রম তুলে ধরেন এবং জনগণকে কোভিড-১৯ নিয়ন্ত্রণে স্বাস্থ্যবিধি মেনে চলার এবং নিজের সুরক্ষা বজায় রাখার আহ্বান জানান।

বাংলাদেশে কোভিড-১৯ পরীক্ষা ও সনাক্তকৃত রোগী)

পরীক্ষাকৃত		সনাক্ত		মৃত্যু		অদ্যাবধি সুস্থ	চিকিৎসাধীন
৫ এপ্রিল পর্যন্ত	গত ২৪ ঘণ্টায়	৫ এপ্রিল পর্যন্ত	গত ২৪ ঘণ্টায়	৫ এপ্রিল পর্যন্ত	গত ২৪ ঘণ্টায়	৩৩	৪৬
২,৯১৪	৩৬৭	৮৮	১৮	৯	১		

বর্তমানে কোভিড-১৯ পরীক্ষাকেন্দ্রসমূহ

ঢাকায়	ঢাকার বাইরে
১. আইইডিসিআর ২. আইপিএইচ ৩. আইসিডিডিআরবি ৪. আর্মড ফোর্সেস ইন্সটিটিউট অব প্যাথলজি ৫. সিএইচআরএফ এন্ড এসএইচ ৬. বিএসএমএমইউ ৭. আইদেশী (ideSHi) ৮. ঢাকা মেডিকেল কলেজ ৯. ন্যাশনাল ইনস্টিটিউট অফ ল্যাবরেটরি মেডিসিন	১. বাংলাদেশ ইন্সটিটিউট অফ ট্রপিকাল এন্ড ইনফেকসাস ডিজিজেস, চট্টগ্রাম ২. ময়মনসিংহ মেডিকেল কলেজ, ময়মনসিংহ ৩. রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী ৪. রংপুর মেডিকেল কলেজ, রংপুর ৫. কক্সবাজার মেডিকেল কলেজ, কক্সবাজার

লজিস্টিক মজুদ এবং সরবরাহ সম্পর্কিত তথ্য (সূত্রঃ সিএমএসডি, স্বাস্থ্য অধিদপ্তর)

(০৫-০৪-২০২০ সকাল ৮:০০টা পর্যন্ত সর্বশেষ আহরণ ও বিতরণ অনুযায়ী) (সূত্রঃ সিএমএসডি, স্বাস্থ্য অধিদপ্তর)

সরঞ্জামের নাম	মোট সংগ্রহ	মোট বিতরণ	বর্তমান মজুদ
পিপিই (PPE)	৪,৬৯,৫০২	৪,১১,৩৩৯	৫৮,১৬৩

কোভিড-১৯ পরীক্ষা সংক্রান্ত টেস্ট কিট্স-এর সরবরাহ ও মজুদ পরিস্থিতি

সরঞ্জামের নাম	মোট সংগ্রহ	মোট বিতরণ	বর্তমান মজুদ
টেস্ট কিট্স	৯২,০০০	২১,০০০	৭১,০০০
*সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রগুলোতে মজুদ থাকায় নুতন কিট্স সরবরাহের প্রয়োজন হয়নি।			

কোয়ারেন্টাইন সম্পর্কিত তথ্য

(সূত্রঃ হেল্থ ইমারজেন্সি এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

স্থান	গত ২৪ ঘন্টায় (৪ এপ্রিল সকাল ৮:০০ থেকে ৫ এপ্রিল সকাল ৮:০০)		অদ্যাবধি		বর্তমানে মোট কোয়ারেন্টাইন
	কোয়ারেন্টাইন	ছাড়	কোয়ারেন্টাইন	ছাড়	
হোম কোয়ারেন্টাইন	১,১১১	২,৮১০	৬৫,৮০২	৫৩,২২২	১২,৫৮০
হাসপাতাল ও অন্যান্য কোয়ারেন্টাইন	৯	৫	২৬৯	১৯০	৭৯
সর্বমোট	১,১২০	২,৮১৫	৬৬,০৭১	৫৩,৪১২	১২,৬৫৯

আইসোলেশন সম্পর্কিত তথ্য (সূত্রঃ আইইডিসিআর/ হেল্থ ইমারজেন্সী এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

গত ২৪ ঘন্টায় (৪ এপ্রিল দুপুর ১২:০০ থেকে ৫ এপ্রিল দুপুর ১২:০০)		অদ্যাবধি		বর্তমানে আইসোলেশন
আইসোলেশন	ছাড়	আইসোলেশন	ছাড়	
১০	৩	৪২০	৩৩৬	৮৪

মোবাইল ফোনে কোভিড-১৯ এর সেবা প্রদান (সূত্রঃ এমআইএস/আইইডিসিআর, স্বাস্থ্য অধিদপ্তর)

হটলাইন	গত ২৪ ঘন্টা	অদ্যাবধি সর্বমোট
১৬২৬৩ (স্বাস্থ্য বাতায়ন)	৬৮,৮৭৬	১২,৩২,০৯৬
৩৩৩	২৫,৪৯৪	৪৩,৭৫৯
আইইডিসিআর (১০৬৫৫; ০১৯৪৪৩৩৩২২২)	৩,৫৭৮	৯৪,৭২৮

মোট ফোন কলের সংখ্যা	৯৭,৯৪৮	১৩,৭০,৫৮৩

স্বেচ্ছাসেবী হিসেবে করোনাভাইরাস সংক্রমণ সংক্রান্ত তথ্য ও চিকিৎসাসেবা প্রদানে হটলাইনে যুক্ত চিকিৎসক সংখ্যা (০৫-০৪-২০২০ সকাল ০৮:০০টা পর্যন্ত): ২,০৬১।

কোভিড-১৯ চিকিৎসা ব্যবস্থাপনা ও হাসপাতাল সংক্রমণ এবং নিয়ন্ত্রণের জন্য প্রশিক্ষনঃ (০৫-০৪-২০২০ সকাল ০৮:০০ ঘটিকা পর্যন্ত)

চিকিৎসক	নার্স
৯১৫	৯৮

এছাড়াও আজ ৫০০ এর অধিক প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্মচারীগণকে DHIS2 তে কোভিড-১৯ সারভিলিয়েন্স সিস্টেম বিষয়ে অনলাইনে প্রশিক্ষণ প্রদান করা হয়।

বিমান/সমুদ্র/স্থল বন্দর ও রেল স্টেশনে বিদেশ হতে আগত যাত্রীদের স্ক্রিনিং সম্পর্কিত তথ্য (সূত্রঃ হেল্থ ইমারজেন্সি এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

বিমান/সমুদ্র/স্থল বন্দর ও রেল স্টেশন	গত ২৪ ঘন্টা	অদ্যাবধি সর্বমোট
আন্তর্জাতিক বিমানবন্দর সমূহ	০০	৩,২২,৪৩০
সমুদ্রবন্দর সমূহ	৯৪	১১,৮৪২
স্থলবন্দর সমূহ	১২৫	৩,২৬,৪৭৬
ক্যান্টনমেন্ট রেলওয়ে স্টেশন	০০	৭,০২৯
মোট স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা	২১৯	৬,৬৭,৭৭৭

স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক করোনাভাইরাস (COVID-19) প্রতিরোধ ও নিয়ন্ত্রণ নিম্নোক্ত গাইডলাইন সমূহ তৈরী করা হয়েছে।

১. করোনা (COVID-19) আক্রান্ত রোগীর হাসপাতাল ব্যবস্থাপনার নির্দেশনা বা স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসেডিওর (SOP);

২. করোনা (COVID-19) নিয়ন্ত্রণের লক্ষ্যে ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী বা Personal Protective Equipment (PPE)-এর যুক্তিসংগত ব্যবহার;

৩. করোনা (COVID-19) জীবানুমুক্তকরণ এবং পরিবেশগত সংক্রমণ রোধ সংক্রান্ত নির্দেশনা বা স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসেডিওর (SOP);

৪. বাড়িতে পরিচর্যার নির্দেশনা: করোনা (COVID-19) আক্রান্ত সন্দেহজনক রোগী, যার মৃদু সংক্রমণ রয়েছে, এবং করোনা (COVID-19) আক্রান্ত রোগী যার হাসপাতালে থাকার প্রয়োজন নেই তাদের জন্য প্রযোজ্য;

৫. বিশ্বজুড়ে COVID-19 প্রতিরোধে গর্ভবতী মা ও পরিবারের করণীয়;

৬. করোনা (COVID-19) সংক্রান্ত কুসংস্কার দূরীকরণ;

৭. করোনা (COVID-19) ভাইরাস সংক্রমণ : মানসিক চাপমুক্ত থাকতে কি করবেন;

৮. করোনা (COVID-19) ভাইরাস সংক্রমণ: শিশুদের মানসিক চাপমুক্ত থাকতে কি করবেন;

৯. করোনা (COVID-19) রোগে মৃতব্যক্তির মৃতদেহ নিরাপদভাবে দাফন/ সৎকার/ ব্যবস্থাপনার নির্দেশনা বা স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসেডিওর (SOP);

১০. করোনা ভাইরাস রোগ/ কোভিড-১৯ আক্রান্ত ব্যক্তিদের সংস্পর্শে আসা সন্দেহে থাকা ব্যক্তিদের কোয়ারেন্টাইন সম্পর্কে জ্ঞাতব্য;

১১. হাসপাতাল ও বিমানবন্দরে কোভিড-১৯ এর বর্জ্য ব্যবস্থাপনার গাইডলাইন তৈরি করা হয়েছে;

১২. করোনা মোকাবেলায় জীবাণুনাশক দ্রবণ তৈরীর নিয়ম;

১৩. করোনা (COVID-19) কেইস ডেফিনেশন;

১৪. কোভিড-১৯ এবং সামজিক কুসংস্কার বা সোশ্যাল স্টিগমা ;

১৫. করোনা (COVID-19) রোগী সনাক্তকরণের পরীক্ষায় অনুসরনীয় বিষয়সমূহ;

১৬. করোনা (COVID-19) এর জন্য কর্মক্ষেত্র প্রস্তুতকরণ;

১৭. হাসপাতালে করোনা সংক্রান্ত বর্জ্য পরিচালনার নির্দেশনা বা স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসেডিওর (এসওপি);

১৮. কোভিড-১৯ প্রাদুর্ভাব এর সময় প্রতিবন্ধিদের জন্য বিবেচ্য বিষয়সমূহ এর গাইডলাইন এর বাংলা অনুবাদ চলছে;

১৯. শিশু-কিশোরদের করোনা সংক্রমন প্রতিরোধে বাবা মায়ের ভুমিকা ; (https://dghs.gov.bd/index.php/bd/publication/guideline);

বৈশ্বিক ও আঞ্চলিক করোনা পরিস্থিতি (সুত্র: বিশ্ব স্বাস্থ্য সংস্থা)

- https://www.who.int/docs/default-source/coronaviruse/situation-reports/20200404-sitrep-75-covid-19.pdf?sfvrsn=99251b2b_2
- আজ পর্যন্ত বিশ্বে সর্বমোট **১০,৫১,৬৩৫** জন করোনা ভাইরাসে আক্রান্ত রোগী সনাক্ত হয়েছে।
- এদের মধ্যে মৃত্যুবরণ করেছেন **৫৬,৯৮৫** জন।
- গত ২৪ ঘন্টায় বিশ্বে মোট আক্রান্ত রোগীর সংখ্যা **৭৯,৩৩২** জন, যাদের মধ্যে মৃত্যুর সংখ্যা **৬,৬৬৪**।
- দক্ষিণ-পূর্ব এশিয়ায় গত ২৪ ঘন্টায় মোট আক্রান্ত রোগীর সংখ্যা **৬৪৭** জন এবং মৃত্যুসংখ্যা **২২**
- এ অঞ্চলে এ পর্যন্ত করোনা ভাইরাসে আক্রান্ত রোগী পাওয়া গেছে **৬৫২৮** জন এবং মোট মৃত্যুসংখ্যা **২৬৭**।

০৫/০৪/২০২০

(অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা)
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর